



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

পরিসংখ্যান বিভাগ

২৫ মার্চ, ২০২৫

তারিখঃ-----

১১ চৈত্র, ১৪৩১

পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং-০২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত কার্ড সেবা প্রদানকারী সকল তফসিলি ব্যাংক/এনবিএফআই।

প্রিয় মহোদয়,

Operation Manual অনুযায়ী পোর্টাল এর মাধ্যমে কার্ড(ক্রেডিট/ডেবিট/প্রিপেইড/অন্যান্য) ভিত্তিক লেনদেনের তথ্যাদি মাসিকভিত্তিতে প্রেরণ প্রসঙ্গে।

অত্র বিভাগের ২২ ডিসেম্বর, ২০২২ ইং তারিখের পত্র সূত্র নং- ডিএস,বিডিএডিএস-১(৪)/২০২২-২২৭৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আপনারা অবগত আছেন যে, বর্তমানে বিশ্বব্যাপী লেনদেনের একটি জনপ্রিয় মাধ্যম হচ্ছে কার্ড। বাংলাদেশে ক্রমান্বয়ে কার্ডের ব্যবহার এবং চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে। এই বর্ধিত চাহিদার বিষয়টি বিবেচনা করে কার্ড সংক্রান্ত তথ্য/উপাত্ত আরও বিস্তৃতভাবে সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কার্ড এর লেনদেন সংক্রান্ত এই বিস্তৃত তথ্য/উপাত্ত সংগ্রহের ফলে অত্র বিভাগের Big Data সংক্রান্ত তথ্য ভান্ডার আরও সমৃদ্ধ হবে মর্মে প্রতীয়মান হয়। কেন্দ্রীয় ব্যাংক, কমাশিয়াল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ, গবেষকগণ ও সংশ্লিষ্ট অন্যান্য অংশীদারগণ (Stakeholders) এই তথ্য/উপাত্ত ব্যবহার করে customer spending behavioral pattern analysis ও insightful information অন্বেষণের মাধ্যমে সময়োপযোগী বিভিন্ন innovative product launching এবং প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করতে সক্ষম হবেন। এ লক্ষ্যে, দেশে কার্যরত কার্ড সেবা প্রদানকারী সকল তফসিলি ব্যাংক/এনবিএফআই এর নিকট থেকে কার্ডভিত্তিক প্রতিটি লেনদেনের তথ্য/উপাত্ত অটোমেশন ও সঠিকতার সাথে সংগ্রহ, সংকলন, সংরক্ষণ ও বিশ্লেষণ এবং কার্ড ও এর লেনদেন সংক্রান্ত তথ্য/উপাত্ত পোর্টালে রিপোর্ট এর সুবিধার্থে একটি Operation Manual চূড়ান্ত করা হয়েছে (<https://www.bb.org.bd/en/index.php/about/guidelist>)।

০৩। এক্ষণে, সংযুক্ত Operation Manual এ প্রদত্ত Data Template অনুযায়ী কার্ড সংক্রান্ত তথ্যাদি মাসিকভিত্তিতে (রিপোর্টকৃত মাসের বিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে) পোর্টালের মাধ্যমে (https://ereturns.bb.org.bd/ccrud/upload_bigdata) নিয়মিতভাবে প্রেরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো। উল্লেখ্য, Rationalized Input Templates (RIT) পুরোপুরিভাবে প্রস্তুতির পর বর্তমান Operation Manual- টিকে একটি পূর্ণাঙ্গ Guideline এ রূপদান করা হবে এবং আপনাদেরকে যথাসময়ে তা অবহিত করা হবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ এর ধারা ৪৫ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এবং ফাইন্যান্স কোম্পানী আইন, ২০২৩ এর ধারা ৩৮(১) এ প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারী করা হলো।

০৫। এ নির্দেশনা ১ এপ্রিল, ২০২৫ হতে কার্যকর হবে।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহেদুল ইসলাম)

পরিচালক (পরিসংখ্যান)

ফোনঃ ৯৫৩০৭২৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

পরিসংখ্যান বিভাগ
(বিগ ডাটা এনালাইটিকস্ এন্ড ডাটা সাইন্স ইউনিট)

সূত্র নং- ডিএস,বিডিএডিএস-১(৪)/২০২২-২২৭৬

তারিখঃ ডিসেম্বর ২২, ২০২২ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
ক্রেডিট কার্ড সেবা প্রদানকারী সকল তফসিলি ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয়ঃ ক্রেডিট কার্ড-এর তথ্য/উপাত্ত নিয়মিতভাবে প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের বিগ ডাটা এনালাইটিকস্ এন্ড ডাটা সাইন্স (BDADS) ইউনিট কর্তৃক ক্রেডিট কার্ড-এর তথ্যাদি থেকে বিভিন্ন প্রকার গবেষণাধর্মী প্রতিবেদন তৈরীর লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের ডিসেম্বর/২০২২ মাস থেকে ক্রেডিট কার্ড-এর প্রতিদিনের প্রতিটি নিষ্পত্তিকৃত তথ্য/উপাত্ত মাসিক ভিত্তিতে সংযুক্ত ছক অনুযায়ী নিয়মিতভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ইমেইলের (সংযুক্ত “Contact Information” ফাইলে প্রদত্ত তালিকা অনুযায়ী) মাধ্যমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)
পরিচালক (পরিসংখ্যান)
ফোনঃ ৯৫৩০২৪৮